



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
বাংলাদেশ রেলওয়ে
রেলভবন, ঢাকা।



নং-৫৪.০১.২৬০০.০০৭.১৮.০০৪.০৮-২০৪

তারিখঃ ১৩ জুলাই ২০২১

সিসিএম (পূর্ব ও পশ্চিম)
বাংলাদেশ রেলওয়ে,
চট্টগ্রাম ও রাজশাহী।


বিষয়ঃ করোনভাইরাস মহামারীর কারণে সরকার কর্তৃক আরোপকৃত বিধি-নিষেধ শিথিলের পরিশ্রেক্ষিতে বাংলাদেশ রেলওয়ের আন্তঃনগর ট্রেনের টিকিট ইস্যু প্রসঙ্গে।

সূত্রঃ মহাপরিচালকের কার্যালয়ের স্মারক নং- ৫৪.০১.২৬০০.০০৮.১৮.০০৪.১৯-১৭৪; তারিখঃ ১৩ জুলাই ২০২১।

পবিত্র ঈদুল আযহা উদযাপন, জনসাধারণের যাতায়াত নির্বিঘ্ন করার সুবিধার্থে আগামী ১৪ জুলাই ২০২১ তারিখ মধ্যরাত হতে ২৩ জুলাই ২০২১ তারিখ সকাল ০৬:০০ ঘটিকা পর্যন্ত ইতিমধ্যে আরোপকৃত সকল বিধি-নিষেধ শিথিল করা হয়েছে। ইতিমধ্যে সূত্রোক্ত পত্রের মাধ্যমে বাংলাদেশ রেলওয়ের ট্রেন চলাচল সম্পর্কিত নির্দেশনাবলী জারী করা হয়েছে। এমতাবস্থায়, যাত্রীবাহী ট্রেন পরিচালনার ক্ষেত্রে রেলওয়ের কর্মকর্তা/কর্মচারী ও সম্মানিত যাত্রীগণের স্বাস্থ্যগত নিরাপত্তার স্বার্থে শারীরিক দূরত্ব নিশ্চিতকরণের নিমিত্তে কোচের আসন সংখ্যা সীমিতকরণ, ট্রেনসমূহের টিকিট বিক্রয় ও যাত্রী পরিবহনের ক্ষেত্রে নিম্নবর্ণিত কতিপয় সংশোধনীয় আনয়ন করা হলোঃ

- ক) যাত্রার দিনসহ ০৫(পাঁচ) দিন পূর্বে আন্তঃনগর ট্রেনসমূহের অগ্রীম টিকিট ইস্যু করা হবে; ইস্যুকৃত টিকিট রিফান্ড করা হবে না;
- খ) যাত্রীদের সামাজিক ও শারীরিক দূরত্ব নিশ্চিত করণার্থে আন্তঃনগর ট্রেনসমূহের বিদ্যমান আসন সংখ্যার অর্ধেক (৫০ শতাংশ) টিকিট ইস্যু করা হবে;
- গ) আন্তঃনগর ট্রেন ম্যানুয়াল অনুযায়ী নির্ধারিত পাশ কোটা ব্যতীত আন্তঃনগর ট্রেনের টিকিট বিক্রয়ে বিদ্যমান সকল প্রকার কোটা ব্যবস্থা রহিত থাকবে;
- ঘ) আন্তঃনগর ট্রেনের সকল টিকিট শুধুমাত্র অনলাইন ও মোবাইল অ্যাপের মাধ্যমে সকাল ৮:০০ ঘটিকা হতে অগ্রীম ব্যবস্থাপনায় ইস্যু করা হবে;
- ঙ) আন্তঃনগর ট্রেনে সকল প্রকার স্ট্যান্ডিং টিকিট ইস্যু সম্পূর্ণরূপে বন্ধ থাকবে;
- চ) আন্তঃনগর ট্রেনে ক্যাটারিং সেবা প্রদান ও ট্রেনে রাত্রীকালীন বেডিং সরবরাহের ক্ষেত্রে স্বাস্থ্যবিধি কঠোরভাবে প্রতিপালন করা।

টিকিট ইস্যুর উপরিলিখিত নিয়মানুযায়ী আগামী ১৫-১৯ জুলাই ২০২১ তারিখ পর্যন্ত ট্রেন যাত্রার টিকিট ইস্যু করা হবে। ২১ জুলাই ২০২১ পবিত্র ঈদুল আযহা উপলক্ষে সকল যাত্রীবাহী ট্রেন চলাচল বন্ধ থাকবে এবং ২০ জুলাই ও ২২ জুলাই ২০২১ তারিখে যে সকল আন্তঃনগর ট্রেন চলাচল করবে কেবলমাত্র সে সকল ট্রেনের অনুকূলে টিকিট ইস্যু করা হবে।


২৬.০৭.২০২১
(মো. নাহিদ হাসান খাঁন)
উপ পরিচালক(টিসি)

অনুলিপিঃ ব্যবস্থাপনা পরিচালক, সিএনএস লিমিটেড, মিরপুর ডিওএইচএস, ঢাকা-কে সিসিএসআরটিএস সফটওয়্যারে প্রয়োজনীয় সংশোধনী আনয়নের অনুরোধ করা হলো।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য-

- (১) মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
- (২) সচিব মহোদয়ের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
- (৩) মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
- (৪) মহাব্যবস্থাপক (পূর্ব ও পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম ও রাজশাহী।